



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পনি/উমা/পুনঃনিরীঃ/২০২৪/৫৮২

তারিখঃ ৩০ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ
১৫ অক্টোবর, ২০২৪ খ্রি.

এইচএসসি পরীক্ষা ২০২৪-এর ফল পুনঃনিরীক্ষণের নিয়মাবলিঃ

আবেদন করার তারিখঃ ১৬/১০/২০২৪ খ্রি. থেকে ২২/১০/২০২৪খ্রি.

শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে। আবেদন করতে মোবাইলের Message অপশনে গিয়ে RSC <Space> বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <Space> রোল নম্বর<Space> বিষয় কোড লিখে Send করতে হবে 16222 নম্বরে।

উদাহরণঃ সিলেট বোর্ডের কোন পরীক্ষার্থীর রোল নম্বর 100001 হলে এবং পরীক্ষার্থী আবেদন করতে চাইলে Message অপশনে RSC Syl 100001 174 লিখে Send করতে হবে 16222 নম্বরে। ফিরতি এসএমএস-এ আবেদন বাবদ কত টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN নম্বর প্রদান করা হবে। এতে সম্মত হলে ম্যাসেজ অপশনে গিয়ে RSC <Space> Yes <Space> PIN <Space> Contact Number (আবেদনকারীর যে কোন মোবাইল নম্বর) লিখে Send করতে হবে 16222 নম্বরে।

উল্লেখ্য, পুনঃ নিরীক্ষণের ক্ষেত্রে একই এসএমএস এর মাধ্যমে একাধিক বিষয়ের (যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে) জন্য আবেদন করা যাবে। সেক্ষেত্রে কমা দিয়ে বিষয়ের ১ম পত্রের কোডগুলো আলাদা করে লিখতে হবে। যেমন-পদার্থ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দুইটি বিষয়ের জন্য টেলিটক প্রি-পেইড মোবাইলের ম্যাসেজ অপশনে গিয়ে RSC <Space> Syl <Space> Roll Number <Space> 174,275 লিখতে হবে।

- প্রতি পত্রের জন্য আবেদন ফি ১৫০/= (একশত পঞ্চাশ) টাকা।
- দ্বিপত্র বিশিষ্ট বিষয়ের ১ম পত্রের আবেদন করতে হবে। ১ম পত্রের আবেদন করলে ২য় পত্রের আবেদন ও বিবেচিত হবে। এ ক্ষেত্রে ২ পত্রের জন্য ৩০০/= (তিনশত) টাকা ফি প্রযোজ্য হবে।
- ম্যানুয়াল কোন আবেদন গ্রহণ করা হবে না।

সংশোধিত ফল যথাসময়ে www.sylhetboard.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং

www.educationboardresults.gov.bd তে তা Update আকারে দেখা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর অরুন চন্দ্র পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।